দৈনিক
ইত্তেফাক

তারিখ 09 MAR 2008
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি রাষ্ট্রবিজ্ঞানের প্রশ্নপত্র ফাঁসে জড়িতদের শাস্তির দাবিতে মানববন্ধন

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে মাস্টার্স পরীক্ষার বিভিন্ন পত্রের প্রশ্ন ফাঁসের ঘটনায় জড়িতদের শাস্তির দাবিতে ক্যাম্পাসে শিক্ষার্থীরা মানববন্ধন করেছে। গতকাল শনিবার সকালে অপরাজেয় বাংলা'র পাদদেশের শিক্ষার্থীরা এ কর্মসূচি পালন করে। গত জানুয়ারি মাসে রাষ্ট্রবিজ্ঞানের বেশ কয়েকটি পত্রের প্রশ্ন ফাঁস হয়। ঘটনায় গঠিত তদন্ত কমিটি প্রাথমিকভাবে পরীক্ষা কমিটিকে দোষারোপ করেছে।

শিক্ষার্থীরা ঘটনায় জড়িত ছাত্র-শিক্ষকদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।